# শোকবার্তা



আমরা গভীর দুঃখের সাথে জানাচ্ছি যে, সাবেক জেলা ও দায়রা জজ, বীর মুক্তিযোদ্ধা মোঃ আমান উল্লাহ, বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির সম্মানিত সদস্য (সদস্য নং-আঃ ১৯৬৮) বিগত ১৪ জুলাই, ২০২৫ তারিখ ঢাকাস্থ স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর ৭ মাস ১৪ দিন। তিনি বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির একজন নিবেদিতপ্রাণ কর্মী এবং সংগঠক ছিলেন।

বীর মুক্তিযোদ্ধা মোঃ আমান উল্লাহ ২০২২ থেকে ২০২৪ মেয়াদে সমিতির যুগ্ম মহাসচিবসহ বিভিন্ন সময়ে সমিতির বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। তিনি সমিতির বর্তমান সহায়ক কমিটিরও সদস্য ছিলেন।

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির পক্ষ থেকে আমরা মরহুমের আত্মার মাগফিরাত কামনা করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

মোঃ ইসমাইল হোসেন
প্রশাসক
বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী
কল্যাণ সমিতি

CS CamScanner